গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
অধিশাখা-০৯
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

নম্বর: ৩৯.০০.০০০০.০০৯.২০.০০৬.২০.৭৬

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৮ / ১০ মার্চ ২০২২

## অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ক্রমিক নং [১.১.১] এ একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সিটিজেন চার্টারভুক্ত অন্যতম সেবা 'বিশেষ গবেষণা অনুদান' এর মাধ্যমে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে বিভিন্ন পর্যায়ের গবেষকগণকে গবেষণা অনুদান প্রদান করা হয়। উক্ত কর্মপরিকল্পনার ধারাবাহিকতায় ২০২১-২০২২ অর্থবছরের জন্য 'বিশেষ গবেষণা অনুদান' সেবাটিকে উদ্ভাবনী ধারণা হিসেবে নির্বাচন করা হয়েছে। উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়নের লক্ষ্যে নির্ধারিত ০৬ (ছয়) টি বিষয়ে গবেষণা অনুদান প্রদানের জন্য ০৬ (ছয়)টি Peer Review Committee'র সদস্য সচিব হিসেবে একজন কর্মকর্তার পরিবর্তে ০৬ (ছয়) জন পৃথক কর্মকর্তাকে মনোনয়ন প্রদানপূর্বক Peer Review Committee পুনর্গঠন করার সিদ্ধান্ত যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

২। এমতাবস্থায়, বিশেষ গবেষণা অনুদান সেবার কার্যক্রম উদ্ভাবিত পদ্ধতি অনুসরণ করে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(বিদ্যুৎ চন্দ্র আইচ)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৫৩৯
E-mail:section9@most.gov.bd

নম্বর: ৩৯.০০.০০০০.০০৯.২০.০০৬.২০.৭৬

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৮ / ১০ মার্চ ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত সচিব (সকল), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (সকল), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপসচিব (সকল), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। ২য় শ্রেণীর কর্মকর্তা (সকল), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(বিদ্যুৎ চন্দ্র আইচ)
উপসচিব

Peer Review Committee কর্তৃক বিশেষ গবেষণা অনুদানের জন্য গবেষক নির্বাচনের সময়কাল হ্রাসকরণ [উদ্ভাবিত ধারণা]

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির আওতায় বিভিন্ন পর্যায়ের শিক্ষক/গবেষকদের প্রতি অর্থবছরে বিশেষ গবেষণা অনুদান প্রদান করা হয়ে থাকে। বর্ণিত বিষয়ে কার্যক্রমগুলো নিম্নোক্তভাবে সম্পন্ন করা হয়ে থাকে।

**আবেদন সংগ্রহ:** বিজ্ঞপ্তি প্রকাশের পর বিভিন্ন বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানের শিক্ষক/গবেষকগণের নিকট থেকে প্রকল্প মন্ত্রণালয়ে জমা দেয়ার জন্য ৬০ দিন সময় দেয়া হয়। উক্ত সময়ের মধ্যে প্রাপ্ত সকল আবেদন সংশ্লিষ্ট প্রশাসনিক কর্মকর্তা কর্তৃক গ্রহণ করা হয়ে থাকে।

**প্রকল্প যাচাই-বাছাই কার্যক্রম:** প্রকল্প সমূহ মন্ত্রণালয়ে জমা হওয়ার পর প্রশাসনিক কর্মকর্তা কর্তৃক ৫০ দিনের মধ্যে এ প্রকল্পগুলো যাচাই-বাছাইপূর্বক (i) জীব বিজ্ঞান (ii) পরিবেশ বিজ্ঞান (iii) মেডিক্যাল সায়েন্স (iv) ইঞ্জিনিয়ারিং এন্ড এপ্লাইড সায়েন্স (v) ফিজিক্যাল সায়েন্স ও (vi) ইন্টার ডিসিপ্লিনারী গ্রুপ বর্ণিত ৬টি গ্রুপে বিভক্ত করে তালিকা প্রস্তুত করে থাকেন।

**পিয়ার রিভিউ কমিটি কর্তৃক সুপারিশ মন্ত্রণালয়ে প্রেরণ:** প্রস্তুতকৃত ৬টি গ্রুপের তালিকা পিয়ার রিভিউ কমিটির নিকট প্রেরণ করা হলে ৬টি পিয়ার রিভিউ কমিটি কর্তৃক ১৯ দিনের মধ্যে প্রকল্প সমূহ যথাযথভাবে মূল্যায়নপূর্বক অর্থায়নের জন্য সংশ্লিষ্ট উপসচিবের মাধ্যমে সুপারিশ মন্ত্রণালয়ে প্রেরণ করেন।

**চূড়ান্ত অনুমোদন:** পিয়ার রিভিউ কমিটি কর্তৃক অর্থায়নের জন্য সুপারিশকৃত প্রকল্পসমূহ চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের বরাবরে নথিতে উপস্থাপন করা হয় এবং ৮ দিনের মধ্যে চূড়ান্ত অনুমোদন দেয়া হয়।

**ফলাফল প্রকাশ:** চূড়ান্ত অনুমোদন পাওয়ার পর উপসচিব কর্তৃক ২ দিনের মধ্যে ফলাফল মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয় এবং একই সাথে প্রকল্প পরিচালকগণকে বিল দাখিলের জন্য অনুরোধ জানানো হয়। এ বিষয়ে নমুনা বিল ফরম ও আনুষঙ্গিক তথ্যাদি মন্ত্রনালয়ের ওয়েবসাইটে দেয়া হয়।

**বিলগ্রহণ:** প্রকল্প পরিচালকগণ কর্তৃক বিল মন্ত্রণালয়ে দাখিল করার জন্য ২০ দিন সময় দেয়া হয়। প্রশাসনিক কর্মকর্তা কর্তৃক বিলগুলো গ্রহণ করা হয়।


**বিল প্রতিস্বাক্ষর:** প্রশাসনিক কর্মকর্তা কর্তৃক বিলগুলো প্রস্তুতপূর্বক প্রতিস্বাক্ষরের জন্য উপসচিব বরাবরে উপস্থাপন করা হয়। উপসচিব কর্তৃক বিলগুলো প্রতিস্বাক্ষরের পর অতিরিক্ত সচিব (বিপ্র) এর অনুমোদনক্রমে বিলের ২ কপি ০৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়।

**হিসাবরক্ষণ অফিসে প্রেরণ:** মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক বিলগুলো পে অর্ডার দিয়ে স্বাক্ষরপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার-এর কার্যালয়ে চেক প্রস্তুতের জন্য ০৫ দিনের মধ্যে প্রেরণ করা হয়।


**চেক প্রস্তুতকরণ:** চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার কর্তৃক বিলগুলো যাচাই-বাছাই সাপেক্ষে অনুমোদন অন্তে ১০ দিনের মধ্যে মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে চেক প্রেরণ করা হয়।

**চেক বিতরণ:** চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার-এর কার্যালয় থেকে চেক পাওয়ার পর মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে চেক বিতরণ কার্যক্রম শুরু করা হয়। ১ম ও ২য় কিস্তির চেক বিতরণ শেষে ৩য় ও ৪র্থ কিস্তির বিল চেয়ে প্রকল্প পরিচালকগণকে অনুরোধ জানানো হয়। ৩য় ও ৪র্থ কিস্তির বিল পাওয়ার পর বিল প্রস্তুত করে উপসচিব কর্তৃক প্রতিস্বাক্ষরের পর মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তার পে-অর্ডার সম্বলিত স্বাক্ষর অন্তে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার-এর কার্যালয়ে প্রেরণ করা হয়। তবে ৩য় ও ৪র্থ কিস্তির চেক বিতরণের পূর্বেই মনিটরিং টিমের মাধ্যমে প্রকল্পসমূহ মনিটরিং করে একটি মনিটরিং প্রতিবেদন প্রস্তুত করা হয়। সবশেষে অর্থবছর শেষ হওয়ার পর প্রকল্প পরিচালকগণের কাছ থেকে বিলভাউচার ও চূড়ান্ত প্রতিবেদন সংগ্রহ করা হয়।

"**Peer Review Committee** কর্তৃক বিশেষ গবেষণা অনুদানের জন্য গবেষক নির্বাচনের সময়কাল হ্রাসকরণ" [পূর্ববর্তী প্রসেস ম্যাপ বাস্তবায়ন সময় ২৭০ কার্যদিবস]



"**Peer Review Committee** কর্তৃক বিশেষ গবেষণা অনুদানের জন্য গবেষক নির্বাচনের সময়কাল হ্রাসকরণ" [ উদ্ভাবিত প্রসেস ম্যাপ বাস্তবায়ন সময় ১৯৯ কার্যদিবস]



Peer Review Committee কর্তৃক বিশেষ গবেষণা অনুদানের জন্য গবেষক নির্বাচনের সময়কাল হ্রাসকরণ

| Input | Before | After |
|---|---|---|
| Time | 270 days | 199days |
| Cost | - | - |
| Visit | - | - |